গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
প্রোগ্রামার: আইসিটি শাখা
www.eedmoe.gov.bd
শিক্ষা ভবন (দ্বিতীয় ব্লক) নবাব আব্দুল গনি রোড, ঢাকা।

**বিষয়: ডি-নথি, পিআইএমএস, ই-জিপি, ওয়েব-পোর্টাল ও zimbra মেইল কার্যক্রম সংক্রান্ত ভার্চুয়াল সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | ড. অমিতাভ চক্রবর্ত্তী<br>পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| সভার তারিখ | ১৪ সেপ্টেম্বর ২০২৩ |
| সভার সময় | বিকাল ৩:৩০ মি. |
| স্থান | ভার্চুয়াল জুম প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক'। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে কার্যসূচি অনুযায়ী আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য প্রোগ্রামার জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ-কে অনুরোধ জানান। সভায় ডি-নথি, পিআইএমএস, ই-জিপি, ওয়েব-পোর্টাল ও zimbra মেইল সংক্রান্ত কার্যক্রমসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | [১.১] মাঠপর্যায়ে ডি-নথি কার্যক্রম বাস্তবায়ন। | সভায় অবহিত করা হয় যে, মাঠ পর্যায়ে ডি-নথির ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে সার্কেল অফিসসমূহের ২০ জন কর্মকর্তা-কর্মচারীদেরকে ব্যানবেইসে ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বর্তমানে ৯টি সার্কেল লাইভ সার্ভারে রয়েছে। এছাড়াও ৬৫টি জেলা অফিসের মধ্যে ৪৭ টি জেলা অফিস বর্তমানে লাইভ সার্ভারে রয়েছে। | [১.১.১] সার্কেল অফিসসমূহ ৩০/০৯/২০২৩ তারিখ এর মধ্যে ডি-নথির মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম শুরু করে এ দপ্তরকে অবহিত করতে হবে। | (১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল সার্কেল |
| ২ | [২.১] PIMS-এ তথ্য হালনাগাদ নিশ্চিতকরণ ও প্রতিবেদন প্রেরণ। | সভায় অবহিত করা হয় যে, PIMS-এ তথ্য হালনাগাদ নিশ্চিতকরণ ও মাসিক প্রতিবেদন প্রেরণের লক্ষ্যে গত ১৮/০৭/২০২৩ তারিখে মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের পিআইএমএস-এ তথ্য হালনাগাদ নিশ্চিত করা এবং প্রতি মাসে প্রতিবেদন প্রেরণ করার নির্দেশনা প্রদান করে একটি অফিস আদেশ জারি করা হয়েছে। এ যাবৎ ৮ টি সার্কেল ও ৫০টি জেলা অফিস থেকে জুলাই মাসের প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।<br><br>সভায় আরো জানানো হয় যে, PIMS-এ ব্যক্তিগত ও প্রশাসনিক তথ্যসমূহ আপলোড করা হলেও এখনো অনেক কর্মকর্তা-কর্মচারী সম্পূর্ণ তথ্য আপলোড করেননি।<br><br>কর্মকর্তা কর্মচারীগণ বদলি ও পদোন্নতিপ্রাপ্ত হলে তাঁর কার্যালয় ও পদবি পরিবর্তন করতে হবে। | [২.১.১] যে সকল কার্যালয় হতে প্রতিবেদন প্রেরণ করা হয়নি, অবিলম্বে সে সকল কার্যালয় হতে প্রতিবেদন প্রেরণের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল সার্কেল<br>২. নির্বাহী প্রকৌশলী, সকল জেলা। |
| | | | [২.১.২] কর্মকর্তা-কর্মচারীদের বদলি ও পদোন্নতি হলে উক্ত ইউজারের কার্যালয় ও পদবি দ্রুত পরিবর্তন করতে হবে। | ১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল সার্কেল<br>২. নির্বাহী প্রকৌশলী, সকল জেলা। |
| | | | [২.১.৩] সকল কর্মকর্তা-কর্মচারীদের বেতন ভাতাদির তথ্য PIMS-এ হালনাগাদ করতে হবে। | ১. সকল কর্মকর্তা-কর্মচারীগণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | [৩.১] ই-জিপি কার্যক্রম সংক্রান্ত | সভায় জানানো হয়, মাঠপর্যায়ের ই-জিপি ও টেন্ডার সংক্রান্ত কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তা-কর্মচারীদের তথ্য প্রেরণ করার জন্য পত্র প্রদান করা হয়েছে। মাঠ পর্যায় থেকে প্রাপ্ত প্রতিবেদনে ই-জিপি ও টেন্ডার কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও দৈনিক মজুরিভিত্তিক কর্মচারীদের তথ্য প্রদান করা হয়নি বলে জানানো হয়। | [৩.১.১] মাঠ পর্যায় থেকে ই-জিপি ও টেন্ডার কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও দৈনিক মজুরিভিত্তিক কর্মচারীদের তথ্য প্রদান করতে হবে। | ১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল সার্কেল<br>২. নির্বাহী প্রকৌশলী, সকল জেলা। |
| ৪ | [৪.১] ওয়েব পোর্টাল হালনাগাদ সংক্রান্ত | সভায় অবহিত করা হয় যে, প্রধান কার্যালয়ের ওয়েবসাইটটি নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। মাঠ পর্যায়ের অধিকাংশ কার্যালয়সমূহের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হলেও কিছু কিছু ওয়েবসসাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে না। | [৪.১.১] মাঠ পর্যায়ের সকল কার্যালয়ের ওয়েবসাইট আগামী ১৫ কার্যদিবসের মধ্যে হালনাগাদ করতে হবে। | ১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল সার্কেল<br>২. নির্বাহী প্রকৌশলী, সকল জেলা। |
| ৫ | [ ৫.১] zimbra মেইল সংক্রান্ত | সভায় জানানো হয় zimbra মেইল ই-জিপি কার্যক্রমের সাথে জড়িত বিধায় এই মেইলের পাসওয়ার্ডটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। | [ ৫.১.১] zimbra মেইলের পাসওয়ার্ড পরিবর্তন করার জন্য অফিসিয়ালি (programmer_1@ eedmoe.gov.bd) ই-মেইলে অনুরোধ করতে হবে। | ১. সকল zimbra ইউজার। |
| | | | [৫.১.২] সরাসরি পাসওয়ার্ড পরিবর্তনের জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (BCC)-তে মেইল (support@ bcc.gov.bd) করতে হবে। | ১. সকল zimbra ইউজার। |

২.০ আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি ভার্চুয়াল সভাটির সমাপ্তি ঘোষণা করেন।

২১-০৯-২০২৩
ড. অমিতাভ চক্রবর্ত্তী
পরিচালক (প্রশাসন ও অর্থ)
০২২৩৩৮২১৭৭ (ফোন)
dir@eedmoe.gov.bd

**নম্বর:** ৩৭.০৭.০০০০.০১৯.৩১.০১২.২৩.১৪৪

তারিখ: ৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/.......... সার্কেল;
২। উপপরিচালক (প্রশাসন), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
৩। উপপরিচালক, অর্থ (অতিরিক্ত দায়িত্ব), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
৪। নির্বাহী প্রকৌশলী (পুর): ডেস্ক- ১/২/৩/৪, ডিজাইন/বিদ্যুৎ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/...... জেলা;
৫। প্রোগ্রামার, আইসিটি শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬। সহকারী প্রকৌশলী: পুর/ডিজাইন/বিদ্যুৎ/যান্ত্রিক, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
৭। প্রধান প্রকৌশলীর স্টাফ অফিসার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
৯। উপসহকারী প্রকৌশলী: পুর/যান্ত্রিক/বিদ্যুৎ, উপসহকারী স্থপতি/ড্রাফটসম্যান, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
১০। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
১১। পিএ টু প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (প্রধান প্রকৌশলীর মহোদয়ের জ্ঞাতার্থে) এবং

১২। পিএ টু পরিচালক (প্রশাসন ও অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (পরিচালক মহোদয়ের জ্ঞাতার্থে)।

২১-০৯-২০২৩
ইফতেখার উদ্দিন আহাম্মদ
প্রোগ্রামার